**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২০২

তারিখঃ ১৮ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন অদ্য সেপ্টেম্বর ০২, ২০২০ ইং তারিখে কমিশনের চেয়্যারম্যান জনাব প্রফেসর শিবলী রুবাইয়াত-উল ইসলাম স্বাক্ষরিত একটি আদেশ নং বিএসইসি/এমএসআই/২০২০-৯৮১/১১৪ জারি করেছে।

উক্ত আদেশে পুঁজিবাজারের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংশ্লিষ্ট অথবা পুঁজিবাজার বা সিকিউরিটিজ লেনদেনের সাথে যে কোন উপায়ে সম্পর্কিত সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানসমূহকে নিম্নলিখিত কর্মকান্ড হতে বিরত থাকার জন্য আদেশ প্রদান করা হয়েছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ মার্কেট ও বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষায় যে কোন ব্যক্তি, ব্যক্তিবর্গ বা কোন প্রতিষ্ঠান কর্তৃক সোস্যাল মিডিয়া বা অন্যকোন মাধ্যমে বিএসইসি, ডিএসই এবং সিএসই এর নাম বা লোগো ব্যবহার করে কোন তথ্য বা প্রতিবেদন প্রকাশ করা থেকে বিরত থাকার বিষয়ে আদেশ প্রদান করেছে। সেই সাথে সোস্যাল মিডিয়াতে যে কোন লিস্টেড সিকিউরিটিজের বাজার মূল্য বা অন্য কোন বিষয়ে পূর্বানুমান কিংবা বিনিয়োগকারীর স্বার্থ ক্ষুন্ন করে এমন কোন মন্তব্য করা থেকে বিরত থাকতেও আদেশ প্রদান করে।

কমিশন, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অর্ডিন্যান্স ১৯৬৯ (১৮ নং আইন, ১৯৬৯) এর সেকশন ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থে উপরোল্লিখিত আদেশটি জারি করেছে।

এইমর্মে জানানো যাচ্ছে যে, উল্লিখিত আদেশটি অমান্য করলে অমান্যকারীদের বিরুদ্ধে সিকিউরিটিজ আইন এবং ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

আদেশ এতদসঙ্গে সংযুক্ত করা হ'ল।

02-09-2020
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

MUJIB 100

No. BSEC/MSI/2020-981/114

2nd September, 2020

# Order

Whereas the Bangladesh Securities and Exchange Commission deems it fit that in the interest of investors or securities markets, direction should be issued to all persons/entities concerned who are directly or indirectly related to or associated with the securities market or the investors in securities in any manner, to refrain from the following activities:

1. Using name (or any of its derivative) of BSEC, DSE or CSE with the profile or page of individual or group in any forms including social media;
2. Using logo of BSEC, DSE or CSE with the profile or page of individual or group in any forms including social media;
3. Spreading any prediction or price forecasting or undisclosed information in any forms including social media;

Now, therefore, in exercise of the power conferred by section 20A of the Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), the Bangladesh Securities and Exchange Commission hereby directs all persons concerned who are directly or indirectly related to or associated with the securities market or the investors in securities in any manner, to refrain from the above mentioned activities and practices.

Contravention of this directive shall attract appropriate penal provisions of the securities laws and ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮.

By order of the Bangladesh Securities and Exchange Commission

Professor Shibli Rubayat-Ul-Islam
Chairman